

তারিখ: ৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০২.১৭.১৮৩২

বিষয়: ১ (এক) দিন বয়সী প্যারেন্ট ষ্টক মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: কমাশিয়াল-ম্যানেজার, কাজী ফার্মস লিমিটেড এর ২৩/০৯/২০২৫ খ্রি. তারিখের আবেদন পত্র।


সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে আপনাকে France হতে ০১ (এক) দিন বয়সী SASSO Broiler Parent Stock জাতের ১৩,০৮৮ টি (তেরো হাজার আটশাশি)টি মুরগীর বাচ্চা নিম্নে বর্ণিত শর্তে আগামী ২০/০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে আমদানি করার জন্য অনুমতি প্রদান করা হলো (পি.আই নং- PF T52.84, তারিখ: ১৬/০৭/২০২৫):

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক মুরগীর বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর আমদানিকারক নিজ দায়িত্বে নূন্যতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাদেশীয় কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক/গ্র্যান্ড প্যারেন্ট ষ্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহন করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানীকারক দেশে সংশ্লিষ্ট ফার্মে Notifiable AI সংক্রামণ দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগীর বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।
- ১১। দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি মেনে আমদানি করতে হবে।

সকল সংযুক্তিসমূহ:

- (১) সংযুক্তি



২৩-১০-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক

কাজী ফার্মস লি., চকপাড়া, শ্রীপুর, গাজীপুর, বাংলাদেশ।

(খামার: কাজী ফার্মস লি: (ইউনিট-২৪), ঘনিরামপুর, তারাগঞ্জ, রংপুর, বাংলাদেশ)।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০২.১৭.১৮৩২/১(৭)

তারিখ: ৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।
- ২। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৩। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর (খামার পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
- ৭। অফিস কপি, ।



২৩-১০-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক